**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.০০.৮৯০০.০৪২.১৪.০৭৫.১৯.৪৩৪ তারিখ: ১৫ চৈত্র ১৪৩২ / ২৯ মার্চ ২০২৬

**বিষয় : শেরপুর জেলা পরিষদের ২০২৫-২৬ অর্থবছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৭৫০.৮০ লক্ষ (সাত কোটি পঞ্চাশ লক্ষ আশি হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১৪৩টি প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।**

সূত্র : স্মারক নম্বর : ৪৬.৪২.৮৯০০.০০০.০০২.১৪.০২৮.২৬-০৫, তারিখ : ০৮/০২/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ২০২৫-২৬ অর্থবছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৭৫০.৮০ লক্ষ (সাত কোটি পঞ্চাশ লক্ষ আশি হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১৪৩টি প্রকল্পের মধ্যে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত ৩৮৬.৮০ লক্ষ (তিন কোটি ছিয়াশি লক্ষ আশি হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে মোট ৩৪টি প্রকল্পের বিষয়ে ছকের ০৪নং কলামে চাহিত তথ্য অনুযায়ী পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য বলা হলো:

| ক্রম | প্রকল্প তালিকার ক্রমিক | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | চাহিত তথ্য/ মন্তব্য |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | ৭ | ৮.০০ | ফাউন্ডেশনটি কী জাতীয় জনসেবামূলক কার্যক্রম গ্রহণ করে এবং প্রস্তাবিত প্রকল্পের মাধ্যমে কী ধরনের উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা হবে সে সংক্রান্ত তথ্যাদি প্রয়োজন। এছাড়া, প্রতিষ্ঠানটির রেজিস্ট্রেশন রয়েছে কি না সে সংক্রান্ত তথ্যও প্রয়োজন। |
| ২. | ৭৩ | ১০.০০ | উপজেলা পরিষদের অভ্যন্তরীণ স্থাপনা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অর্থায়নে বাস্তবায়ন হওয়া বাঞ্চনীয়। |
| ৩. | ১১১ | ১০.০০ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্থাপনা জেলা পরিষদের অর্থায়নে বাস্তবায়ন করা বাস্তবসম্মত না হওয়ায় প্রকল্পটি পরিবর্তন করা প্রয়োজন। উল্লেখ্য, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্থাপনা উন্নয়ন প্রকল্প সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে বাস্তবায়ন করা হয়ে থাকে। |
| ৪. | ৪, ৮, ১৭, ১৮, ১৯, ২৪, ২৯, ৩১, ৩২, ৩৪, ৩৬, ৩৭, ৫৭, ৫৮, ৭৬, ৭৭, ৮১, ৮২, ৮৩, ৮৪, ৮৭, ৯০, ৯৩, ৯৭, ১০০, ১১৪, ১২১, ১২৪, ১৩০, ১৩৪, ১৪১ | ৩৫৮.৮০ | এডিপি পরিপত্র, ২০২২ অনুযায়ী উল্লিখিত প্রকল্পসমূহের প্রাক্কলন প্রস্তাবের সাথে প্রেরণ করা হয়নি। ফলে প্রকল্পসমহ অনুমোদন বিবেচনার সুবিধার্থে প্রাক্কলন প্রয়োজন। |
| **মোট=** | ৩৪টি | ৩৮৬.৮০ লক্ষ (তিন কোটি ছিয়াশি লক্ষ আশি হাজার) টাকা | |

০২। এমতাবস্থায়, উল্লিখিত ৩৪টি প্রকল্প ব্যতীত অবশিষ্ট (১৪৩-৩৪)=১০৯টি প্রকল্প (৭৫০.৮০ লক্ষ - ৩৮৬.৮০ লক্ষ)=৩৬৪.০০ লক্ষ (তিন কোটি চৌষট্টি লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে নিম্নোক্ত শর্তাবলি যথাযথভাবে অনুসরণের শর্তে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

শর্তাবলি:

০১. পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদের এডিপি বরাদ্দ ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;

০২. স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত কোনো প্রকল্প/প্রকল্প বাস্তবায়নের পদ্ধতি এ বিভাগের অনুমোদন ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না;

০৩. সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্পসমূহ সমাপ্তির পর উক্ত স্থানে জনসাধারণের অবগতির জন্য ‘প্রকল্পের নাম, অর্থবছর, ব্যয় এবং অর্থায়নে: জেলা পরিষদ, ...’ শীর্ষক ফলক আবশ্যিকভাবে সংযোজন করতে হবে;

০৪. গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য (প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য, প্রাক্কলিত ব্যয়, প্রকল্পের মেয়াদ ইত্যাদি) সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে;

০৫. গত ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে এ বিভাগ হতে জারিকৃত ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪১নং পরিপত্রের ৫নং অনুচ্ছেদে বর্ণিত প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন করা যাবে না; এবং

০৬. প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে নিয়মিত তথ্য হালনাগাদ করতে হবে।


খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email: lgzp@lgd.gov.bd


বিতরণ:

১. প্রশাসক, জেলা পরিষদ, শেরপুর;
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, শেরপুর।

স্মারক নম্বর : ৪৬.০০.৮৯০০.০৪২.১৪.০৭৫.১৯.৪৩৪/১(৬)

তারিখ: ১৫ চৈত্র ১৪৩২ / ২৯ মার্চ ২০২৬

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১ অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২ যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪ মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৫ সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৬ সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।


খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব